ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩১ বর্ষ ২১তম সংখ্যা | ওয়েব সাইট : http://www.du.ac.bd (DU Barta) | ০১ অগ্রহায়ণ ১৪২৪, ১৫ নভেম্বর, ২০১৭

ঢাবি সিনেটে রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি নির্বাচনের তফসিল ঘোষণা

ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটে রেজিস্টার্ড গ্র্যাজুয়েটদের ২৫জন প্রতিনিধি নির্বাচন ঢাকার বাইরের ৪২টি কেন্দ্রে এবং ঢাকায় ৩টি কেন্দ্রে আগামী ৬ জানুয়ারি, ১৩ জানুয়ারি ও ২০ জানুয়ারি ২০১৮ অনুষ্ঠিত হবে। ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ ১৯৭৩ এর আর্টিক্যাল ২০(১)(কে) এবং প্রথম সংবিধির ৪৬ ধারা অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দফতর থেকে এক বিজ্ঞপ্তির মাধ্যমে এই তফসিল ঘোষণা করা হয়েছে।

বিজ্ঞপ্তি মোতাবেক আগামী ৬ নভেম্বর ২০১৭ সোমবার থেকে ২০ নভেম্বর ২০১৭ সোমবার পর্যন্ত প্রশাসনিক ভবনের ২০৭নং কক্ষ থেকে ১০০/- টাকা মূল্যে মনোনয়নপত্র সংগ্রহ করা যাবে। ২০ নভেম্বর অপরাহ্ন ৪:০০টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের নিকট মনোনয়নপত্র জমা দেওয়া যাবে। ২৯ নভেম্বর ২০১৭ বুধবার বেলা ১:০০টার মধ্যে প্রার্থী লিখিত পত্রের মাধ্যমে তাঁর মনোনয়নপত্র প্রত্যাহার করতে পারবেন। ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩ এর প্রথম সংবিধির ৪৬(৯) ধারা অনুযায়ী প্রত্যেক ভোটারের নিকট ভোটার আইডি কার্ড পাঠানো হবে এবং ৪৬ (১৪) ধারা অনুযায়ী কার্ড দেখিয়ে ভোটাররা ভোট প্রদান করতে পারবেন। ভোটদানপত্র গ্রহণ করার সময় ভোটার আইডি কার্ড পুলিং অফিসারের নিকট অর্পণ করতে হবে।

আগামী ১৫ নভেম্বর বুধবার থেকে ৭ ডিসেম্বর ২০১৭ বৃহস্পতিবার পর্যন্ত অফিস চলাকালীন প্রশাসনিক ভবনের ২১৪ নম্বর কক্ষ থেকে স্ব-শরীরে উপস্থিত হয়ে ভোটারগণ আইডি কার্ড সংগ্রহ করতে পারবেন। পূর্ণাঙ্গ ভোটার তালিকার চারটি খণ্ড একত্রে নগদ ৬,৫০০/- টাকা মূল্যে প্রশাসনিক ভবনের ২০৭ নম্বর কক্ষ থেকে সংগ্রহ করা যাবে।

ঢাকার বাইরে বিভিন্ন কেন্দ্রে সকাল ১০টা থেকে ভোট গ্রহণ শুরু হবে এবং বেলা ১:০০টা পর্যন্ত চলবে। আগামী ৬ জানুয়ারি ২০১৮ শনিবার যে সব কেন্দ্রে নির্বাচন অনুষ্ঠিত হবে তা হলো : (১) শেরপুর সরকারী কলেজ, শেরপুর (২) নেত্রকোনা সরকারী কলেজ, নেত্রকোনা (৩) শরিয়তপুর সরকারী কলেজ, শরিয়তপুর, (৪) সরকারী বঙ্গবন্ধু কলেজ, গোপালগঞ্জ (৫) শেরে বাংলা মেডিকেল কলেজ, বরিশাল (৬) আগৈলঝরা শহীদ আব্দুর রব সেরনিয়াবাত ডিগ্রী কলেজ,*(২য় পৃষ্ঠায় দেখুন)

৫২৫ জন দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীকে বৃত্তি দিল ঢাবি অ্যালামনাই অ্যাসোসিয়েশন

জ্ঞাননির্ভর সমাজ গড়তে শিক্ষাই হবে অনন্য বিনিয়োগ – স্পিকার

ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের উদ্যোগে গত ১১ নভেম্বর ২০১৭ ঢাবি'র দরিদ্র ও মেধাবী ৫২৫ জন শিক্ষার্থীকে বৃত্তি দেওয়া হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী এবং বিশেষ অতিথি ছিলেন উপাচার্য ও ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের প্রধান পৃষ্ঠপোষক অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ও বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর এস কে সুর চৌধুরী। এতে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি এ কে আজাদ।

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেন, অ্যালামনাইয়ের বর্তমান কমিটি মাত্র দেড় বছরে বিপুল সংখ্যক শিক্ষার্থীকে বৃত্তি দিতে পেরেছে। এটি প্রশংসনীয় উদ্যোগ। তিনি বলেন, জ্ঞাননির্ভর সমাজ গড়তে শিক্ষায়ই হবে অনন্য বিনিয়োগ। আজকের বিশ্বায়নের পৃথিবীতে জ্ঞাননির্ভর সমাজ ব্যবস্থার কোনো বিকল্প নেই। সেইসঙ্গে তথ্যপ্রযুক্তি আয়ত্ত করে অত্যাধুনিক শিক্ষায় শিক্ষিত হবে। সঙ্গে প্রয়োজন প্রশিক্ষণের মাধ্যমে নিজেকে যোগ্য করে গড়ে তোলা। তিনি ঢাবির শিক্ষার্থীদের ইন্টার্নশিপ প্রদানের মাধ্যমে প্রশিক্ষিত করে তুলতে শিল্পপতিদের প্রতি আহ্বান জানান।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, অ্যালামনাই অ্যাসোসিয়েশনের বৃত্তি কার্যক্রমের নেপথ্যে একটি চেতনা, একটি দর্শন আছে। তারা চান, আজকের বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা যেন আগামী দিনে দাতার ভূমিকায় অবতীর্ণ হতে পারে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের এটিই সৌন্দর্য, দেশের প্রান্তিক জনগোষ্ঠীর সন্তানরা এখানে পড়তে আসেন। বৃত্তি কার্যক্রমের জন্য ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনকে*(২য় পৃষ্ঠায় দেখুন)

ঢাবি'র শতবর্ষপূর্তি ও মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তীকে সামনে রেখে পরিচ্ছন্ন ক্যাম্পাস গড়ার আহ্বান

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতবর্ষপূর্তি ও মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তীকে সামনে রেখে একটি পরিস্কার-পরিচ্ছন্ন ও সুন্দর পরিবেশের ক্যাম্পাস গড়ে তোলার জন্য সকলের প্রতি আহ্বান জানিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। শিক্ষার্থীদের মাঝে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে শ্রেণিকক্ষে পাঠদানের সময় নিয়মিত এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা ও পরামর্শ প্রদানের জন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের প্রতি আহ্বান জানানো হয়েছে। একইসঙ্গে, নিজ নিজ অঙ্গন পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে বিশেষ যত্নশীল হওয়ার জন্য বিভাগ, ইনস্টিটিউট, সেন্টার, আবাসিক হল ও অফিস প্রধানদের প্রতিও অনুরোধ জানানো হয়েছে। এছাড়া,'নির্দিষ্ট জায়গা ছাড়া যেখানে-সেখানে ময়লা-আবর্জনা, কাগজপত্র, ফলমূল-বাদাম, আইসক্রিমের খোসা, খাবারের অবশিষ্টাংশ বা এসবের ঠোংগা না ফেলা, সবুজ ঘাসচত্বর নষ্ট না করা, বাগানের ফুল ও পাতা না ছেঁড়া, ডাল না ভাঙা, দেয়ালে যেখানে-সেখানে না লেখা'– প্রভৃতি বিষয়ে শিক্ষার্থীদের সচেতন করে তোলার ওপর গুরুত্বারোপ করা হয়েছে। শিক্ষকগণ শ্রেণিকক্ষ, সেমিনার ও আবাসিক হলে এসব বিষয়ে বক্তব্য উপস্থাপন করলে শিক্ষার্থীদের মাঝে সচেতনতা সৃষ্টি হবে বলে আশা প্রকাশ করা হয়।

একাডেমিক উৎকর্ষ সাধনের পাশাপাশি ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসকে সবুজায়ন ও পরিষ্কার-পরিচ্ছন্নতার মডেল হিসেবে গড়ে তোলার জন্য সকলের সহযোগিতা কামনা করে ইতোমধ্যেই রেজিস্ট্রার দফতর থেকে একটি বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছে।

৩২জন অবসরপ্রাপ্ত শিক্ষককে সংবর্ধনা প্রদান

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির উদ্যোগে বিভিন্ন বিভাগ ও ইনস্টিটিউটের ৩২জন অবসরপ্রাপ্ত শিক্ষককে সংবর্ধনা প্রদান করা হয়েছে। গত ৪ নভেম্বর ২০১৭ অধ্যাপক মুজাফ্‌ফর আহমেদ চৌধুরী মিলনায়তনে এক বর্ণাঢ্য অনুষ্ঠানে এই সংবর্ধনা প্রদান করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন।

শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামালের সভাপতিত্বে সংবর্ধনা অনুষ্ঠানে প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন। অবসরপ্রাপ্ত কয়েকজন শিক্ষক স্মৃতিচারন করেন। অনুষ্ঠান সঞ্চালন করেন শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মো. রহমত উল্লাহ।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, *(২য় পৃষ্ঠায় দেখুন)

গুরুদুয়ারা ম্যানেজমেন্ট কমিটি বাংলাদেশ-এর আয়োজনে গুরুদুয়ারা নানকশাহী'র জয়ন্তী উপলক্ষে গুরুপ্রকাশ ও সংকীর্তন উৎসবের উদ্বোধনী অনুষ্ঠান গত ১১ নভেম্বর ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয়স্থ গুরুদুয়ারা নানকশাহী উপাসনালয়ে অনুষ্ঠিত হয়েছে। বর্ণাঢ্য উৎসবের উদ্বোধন ও শোভাযাত্রায় অংশগ্রহণ করেন সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের এম.পি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।

বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী ও কারাগারের রোজনামচা গ্রন্থ বিতরণ

ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগের শিক্ষক-শিক্ষার্থীদের মাঝে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত 'অসমাপ্ত আত্মজীবনী ও কারাগারের রোজনামচা' এবং বঙ্গবন্ধু সংক্রান্ত অন্যান্য গ্রন্থ বিতরণ করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ১ নভেম্বর ২০১৭ সিরাজুল ইসলাম লেকচার হলে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে এসব গ্রন্থ বিতরণ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় 'বঙ্গবন্ধু চেয়ার'-এর উদ্যোগে এসব গ্রন্থ বিতরণ করা হয়। দি ফারমার্স ব্যাংক লিমিটেড এক্ষেত্রে আর্থিক সহযোগিতা প্রদান করে।

ইতিহাস বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আহমেদ আবদুল্লাহ জামালের সভাপতিত্বে গ্রন্থ বিতরণ অনুষ্ঠানে দি ফারমার্স ব্যাংক লিমিটেড-এর চেয়ারম্যান ড. মহিউদ্দীন খান আলমগীর এমপি, ঢাকা বিশ্ববিদ্যালয় কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন ও 'বঙ্গবন্ধু চেয়ার' অধ্যাপক ড. মুনতাসীর মামুন সম্মানিত অতিথি হিসাবে বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, তিনি জীবনের সকল ক্ষেত্রে সততা, সাহসিকতা ও দেশপ্রেমের স্বাক্ষর রেখে গেছেন। বঙ্গবন্ধুর জীবনাদর্শ অনুসরণের জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। উপাচার্য গ্রন্থ প্রদানের জন্য সংশ্লিষ্টদের ধন্যবাদ জানিয়ে বলেন, এই উদ্যোগ বঙ্গবন্ধুর রাজনৈতিক দর্শন আরও জনপ্রিয় করতে সহায়ক ভূমিকা পালন করবে।

উল্লেখ্য, উদ্বোধনী অনুষ্ঠানে বিভাগীয় চেয়ারম্যান ও প্রতি বর্ষের শিক্ষার্থী প্রতিনিধির হাতে আনুষ্ঠানিকভাবে এসব গ্রন্থ তুলে দেওয়া হয়। পরবর্তীতে বিভাগীয় অফিস থেকে ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগের সকল শিক্ষক ও শিক্ষার্থীর হাতে মোট ১২শ' বই তুলে দেওয়া হবে।

বিজনেস এন্ড ইকোনমিক্স শীর্ষক দ্বিতীয় আন্তর্জাতিক সম্মেলন

ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদের উদ্যোগে 'বিজনেস এন্ড ইকোনমিক্স' শীর্ষক দু'দিনব্যাপী এক আন্তর্জাতিক সম্মেলন গত ৩০ অক্টোবর ২০১৭ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে এই সম্মেলন উদ্বোধন করেন। সম্মেলনের প্রতিপাদ্য ছিল "ইন্টার-ডিসিপ্লিনারি সল্যুশনস ফর বিজনেস চ্যালেঞ্জেস ইন এ নিউ গ্লোবাল অর্ডার"।

ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম-এর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে যুক্তরাষ্ট্রের কুইনিপিয়াক ইউনিভার্সিটির প্রেসিডেন্ট অধ্যাপক জন এল. লাহি এবং অস্ট্রেলিয়ার সেন্ট্রাল কুইন্সল্যান্ড ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক স্কট বোম্যান বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন। যুক্তরাষ্ট্রের টাফ্‌টস ইউনিভার্সিটির অধ্যাপক পার্থ এস ঘোষ মূল প্রবন্ধ উপস্থাপন করেন। সম্মেলন আয়োজক কমিটির কো-চেয়ার অধ্যাপক এম সাদিকুল ইসলাম ধন্যবাদ জ্ঞাপন করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বৈশ্বিক বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবেলায় ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য শিক্ষাবিদ, গবেষক ও পেশাজীবীদের প্রতি আহ্বান জানান। বাংলাদেশ বর্তমানে রোহিঙ্গা সংকট, সামাজিক বৈষম্য, দারিদ্র বিমোচনসহ নানা চ্যালেঞ্জ মোকাবেলা করছে উল্লেখ করে উপাচার্য বলেন, আন্ত:বিভাগীয় গবেষণার মাধ্যমে আমাদের এসব সমস্যা সমাধান *(২য় পৃষ্ঠায় দেখুন)

বিজনেস এন্ড ইকোনমিক্স শীর্ষক দ্বিতীয় আন্তর্জাতিক সম্মেলন

*(১ম পৃষ্ঠার পর) করতে হবে। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় এবং বিশ্বের বিভিন্ন খ্যাতিমান বিশ্ববিদ্যালয়ের মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা প্রকল্প গ্রহণের ওপর গুরুত্বারোপ করেন। এই সম্মেলন এক্ষেত্রে কমন প্ল্যাটফরম তৈরি করবে বলে তিনি আশা প্রকাশ করেন।

উল্লেখ্য, বাংলাদেশ, ভারত, চীন, যুক্তরাস্ট্র, যুক্তরাজ্য, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, মালয়েশিয়া, জাপান, শ্রীলংকা, সিঙ্গাপুর এবং ভিয়েতনামের শিক্ষাবিদ ও গবেষকগণ এই সম্মেলনে অংশগ্রহণ করেন। দু'দিনব্যাপী এই আন্তর্জাতিক সম্মেলনে মোট ১৬টি সেশনে ৮০টিরও বেশি প্রবন্ধ উপস্থাপন করা হয়।

দু'দিনব্যাপী এই আন্তর্জাতিক সম্মেলনের সমাপণী অনুষ্ঠান গত ৩১ অক্টোবর ২০১৭ রাজধানীর লে মেরিডিয়ান হোটেলে অনুষ্ঠিত হয়েছে। সমাপনী অনুষ্ঠানে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এতে বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীন। বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম সমাপণী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

জ্ঞাননির্ভর সমাজ গড়তে

*(১ম পৃষ্ঠার পর) ধন্যবাদ জানিয়ে তিনি বলেন, এ কার্যক্রমে বিশ্ববিদ্যালয়ের পূর্বসূরিদের সঙ্গে উত্তরসূরিদের অপূর্ব মেলবন্ধন রচিত হয়েছে। উপাচার্য দরিদ্র ও মেধাবী তিন শিক্ষার্থীর আবেগী অভিব্যক্তির উত্তরে বলেন, 'তোমরা মন খারাপ করো না। তোমাদের উপাচার্যও এ বিশ্ববিদ্যালয়ে প্রান্তিক জনগোষ্ঠী থেকে উঠে আসা একজন ছাত্র।'

অনুষ্ঠানে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর হাতে ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের আজীবন সদস্য কার্ড (নম্বর ৯২৪২) তুলে দেওয়া হয়।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির চেয়ারম্যান হাফিজ আহমেদ মজুমদার, এসিআই লিমিটেডের চেয়ারম্যান আনিস উদ দৌলা, ইস্টার্ন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও আলী রেজা ইফতেখার, অ্যালামনাই অ্যাসোসিয়েশনের মহাসচিব রঞ্জন কর্মকার, সাংস্কৃতিক সম্পাদক মাহফুজা রহমান চৌধুরী বাবলী, অর্থ উপকমিটির আহ্বায়ক আনোয়ার উল আলম চৌধুরী পারভেজ, পূবালী ব্যাংকের পরিচালক রানা লায়লা হাফিজ, সিনহা পিপলস এনার্জি লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক আরিফুর রহমান সিনহা। উপস্থিত ছিলেন সফটটেক্স সোয়েটার ইন্ডাস্ট্রি প্রাইভেট লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক রেজওয়ান সেলিম এবং জমির উদ্দিন খান ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক আবুল বাশার খান। স্বাগত বক্তব্য রাখেন অ্যাসোসিয়েশনের সিনিয়র সহসভাপতি মোল্লা মোহাম্মদ আবু কাওছার এবং ধন্যবাদ জ্ঞাপন করেন বৃত্তি উপকমিটির আহ্বায়ক আবদুস সালাম।

উল্লেখ্য, বৃত্তির জন্য নির্বাচিতরা প্রতি মাসে দুই হাজার ৫০০ টাকা করে চার বছর এ অর্থ পাবেন।

৩২জন অবসরপ্রাপ্ত শিক্ষককে সংবর্ধনা

*(১ম পৃষ্ঠার পর) দেশের শিক্ষা ও গবেষণার উন্নয়নে অবসরপ্রাপ্ত শিক্ষকগণ অনন্য অবদান রেখেছেন। তাদের এই অবদান ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবার তথা জাতি চিরদিন শ্রদ্ধার সঙ্গে স্মরণ রাখবে। তিনি বলেন, শিক্ষকদের অবশ্যই উন্নত নৈতিক মূল্যবোধ সম্পন্ন হতে হবে। অশিক্ষক সুলভ আচরণ পরিহার করতে হবে। জ্ঞান-বিজ্ঞানের উৎকর্ষ সাধনের পাশাপাশি নিজেদের চারিত্রিক গুণাবলীর বিকাশ ঘটাতে হবে। এক্ষেত্রে অবসরপ্রাপ্ত শিক্ষকগণ অনুকরণীয় দৃষ্টান্ত হতে পারেন। অবসরপ্রাপ্ত শিক্ষকদের বুদ্ধিবৃত্তিক কর্মকাণ্ড ভবিষ্যতেও অব্যাহত থাকবে বলে উপাচার্য আশা প্রকাশ করেন।

অবসরপ্রাপ্ত শিক্ষকগণ হলেন- অধ্যাপক ড. আবদুল আজিজ, অধ্যাপক ড. এম শাহাদাত মোর্শেদ (উদ্ভিদ বিজ্ঞান), অধ্যাপক ড. বদরুল ইমাম (ভূতত্ত্ব), অধ্যাপক ড. মো. আবদুর রব মোল্লা (প্রাণিবিদ্যা), অধ্যাপক ড. নাজমা আরা হোসেন (ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট), অধ্যাপক ড. মোঃ হারুনুর রশিদ (মৃত্তিকা, পানি ও পরিবেশ), অধ্যাপক ড. মো. আইনুল ইসলাম, অধ্যাপক ড. মো. আবদুল মতিন (গণিত), অধ্যাপক ড. মো. মোবারক হোসেন (ফলিত গণিত), অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ, অধ্যাপক ড. মোহাম্মদ আলী তসলিম (অর্থনীতি), অধ্যাপক হোসনে আরা বেগম, অধ্যাপক মুহাম্মদ নাজমুল হক (শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট), অধ্যাপক ড. মো. হাবিবুল বাহার, অধ্যাপক ড. নীলুফার নাহার (রসায়ন), অধ্যাপক ড. অজয় কুমার দাস (ফলিত রসায়ন ও কেমিকৌশল), অধ্যাপক ড. মো. আনোয়ার হোসেন, অধ্যাপক ড. মামুন রশীদ চৌধুরী (প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান), অধ্যাপক ড. রেবেকা বানু (ফার্মাসিউটিক্যাল কেমিস্ট্রি), অধ্যাপক ড. আতিউর রহমান (ডেভেলপমেন্ট স্টাডিজ), অধ্যাপক ড. মুহাম্মদ হাবিবুর রহমান (সমাজবিজ্ঞান), অধ্যাপক মো. সেলিম ভূঁইয়া (ম্যানেজমেন্ট), অধ্যাপক সৈয়দ আবুল কালাম আজাদ, অধ্যাপক আবু সায়ীদ তালুকদার (মার্কেটিং), অধ্যাপক ড. সৈয়দ রাশিদুল হাসান (ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট), অধ্যাপক ড. মো. মোজাম্মেল হক (অণুজীব বিজ্ঞান), অধ্যাপক ড. ফকরুল আলম (ইংরেজি), অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ, অধ্যাপক শরিফ উল্লাহ ভূঁইয়া (ইতিহাস), অধ্যাপক ড. সুকোমল বড়ুয়া (পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ), অধ্যাপক ড. খুরশীদ জাহান ও অধ্যাপক ডা. লুৎফর আহমেদ (পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউট)।

জগন্নাথ হলের 'বৃত্তি প্রদান-২০১৭' অনুষ্ঠান গত ১০ নভেম্বর ২০১৭ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আবদুল মতিন চৌধুরী ভার্চুয়াল কক্ষে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করেন। এতে বিশেষ অতিথি হিসেবে হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. অসীম সরকার, ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই এসোসিয়েশনের মহাসচিব রঞ্জন কর্মকার, জগন্নাথ হল অ্যালামনাই এসোসিয়েশনের সভাপতি পান্না লাল ও প্রাক্তন সভাপতি কানুতোষ মজুমদার উপস্থিত ছিলেন।

ঢাবি সিনেটে রেজিস্টার্ড গ্র্যাজুয়েট

*(১ম পৃষ্ঠার পর) বরিশাল (৭) সরকারী সোহরাওয়ার্দী কলেজ, পিরোজপুর (৮) বরগুনা সরকারী বিশ্ববিদ্যালয় কলেজ, বরগুনা (৯) ঝালকাঠি সরকারী কলেজ, ঝালকাঠি (১০) পটুয়াখালী সরকারী কলেজ, পটুয়াখালী (১১) বাউফল সরকারী কলেজ, পটুয়াখালী (১২) ভোলা সরকারী কলেজ, ভোলা (১৩) লক্ষীপুর সরকারী মহিলা কলেজ, লক্ষীপুর (১৪) চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম (১৫) ভিক্টোরিয়া সরকারী কলেজ, কুমিল্লা (১৬) ব্রাহ্মণবাড়ীয়া সরকারী কলেজ, ব্রাহ্মণবাড়ীয়া (১৭) চাঁদপুর সরকারী কলেজ, চাঁদপুর (১৮) চৌমুহনী সরকারী এস এ কলেজ, নোয়াখালী (১৯) এম সি কলেজ, সিলেট (২০) আযম খান সরকারী কমার্স কলেজ, খুলনা (২১) সাতক্ষীরা সরকারী মহিলা কলেজ, সাতক্ষীরা (২২) সরকারী মাইকেল মধুসূধন কলেজ, যশোর (২৩) সরকারী ভিক্টোরিয়া কলেজ, নড়াইল (২৪) সরকারী কে সি কলেজ, ঝিনাইদহ (২৫) কুষ্টিয়া সরকারী কলেজ, কুষ্টিয়া (২৬) রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী (২৭) সরকারী আযিযুল হক কলেজ, বগুড়া (২৮) সরকারী কারমাইকেল কলেজ, রংপুর এবং (২৯) সরকারী এডওয়ার্ড কলেজ, পাবনা।

আগামী ১৩ জানুয়ারি ২০১৮ শনিবার যে সব কেন্দ্রে নির্বাচন অনুষ্ঠিত হবে তা হলো : (১) ভাওয়াল বদরে আলম সরকারী কলেজ, চান্দনা, গাজীপুর (২) নরসিংদী সরকারী কলেজ, নরসিংদী (৩) সরকারী তোলারাম কলেজ, নারায়ণগঞ্জ (৪) সরকারী দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ (৫) সরকারী হরগঙ্গা কলেজ, মুন্সিগঞ্জ (৬) আনন্দমোহন কলেজ, ময়মনসিংহ (৭) গৌরীপুর মহিলা ডিগ্রী কলেজ, ময়মনসিংহ (৮) কুমুদিনী সরকারী কলেজ, টাঙ্গাইল (৯) গুরুদয়াল সরকারী কলেজ, কিশোরগঞ্জ (১০) সরকারী আশেক মাহমুদ কলেজ, জামালপুর (১১) সরকারী রাজেন্দ্র কলেজ, ফরিদপুর (১২) রাজবাড়ী সরকারী কলেজ, রাজবাড়ী (১৩) সরকারী নাজিমউদ্দিন কলেজ, মাদারীপুর।

ঢাকায় নিম্নোক্ত কেন্দ্রগুলোতে আগামী ২০ জানুয়ারি ২০১৮ শনিবার সকাল ৯:০০টা থেকে বিকাল ৫:০০টা পর্যন্ত ভোট গ্রহণ চলবে : ঢাকা বিশ্ববিদ্যালয় নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন (১ থেকে ১৮০০০ পর্যন্ত আজীবন সদস্য), ছাত্র-শিক্ষক কেন্দ্র (১৮০০১ থেকে ৩৭২৩৩ পর্যন্ত আজীবন সদস্য) এবং শারীরিক শিক্ষা কেন্দ্র (৩৭২৩৪ থেকে ৪৩৯৯৭ পর্যন্ত এককালীন সদস্য)।

আগামী ২১ জানুয়ারি ২০১৮ রবিবার ভোটগণনা শেষে ফলাফল ঘোষণা করা হবে।

অধ্যাপক এ কে এম ইদ্রিস আলীর মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক এ কে এম ইদ্রিস আলী-এর মৃত্যুতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন।

গত ১০ নভেম্বর ২০১৭ এক শোকবাণীতে উপাচার্য বলেন, অধ্যাপক এ কে এম ইদ্রিস আলী ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন মেধাবী ও নিবেদিতপ্রাণ শিক্ষক ছিলেন। তিনি দীর্ঘদিন বিশ্ববিদ্যালয়ে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগে শিক্ষকতা করেছেন এবং নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করেছেন। বিভাগীয় প্রশাসনিক ও একাডেমিক কাজে তাঁর ভূমিকা বিশ্ববিদ্যালয়ে স্মরণীয় হয়ে থাকবে।

উপাচার্য মরহুমের রূহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

অধ্যাপক এ কে এম ইদ্রিস আলী ২০১৪ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অবসর গ্রহণ করেন। এরপর থেকে তিনি বিভাগে অনারারি অধ্যাপক হিসেবে কর্মরত ছিলেন।

উল্লেখ্য, অধ্যাপক এ কে এম ইদ্রিস আলী গত ৯ নভেম্বর ২০১৭ রাজধানীর একটি হাসপাতালে মৃত্যুবরণ করেছেন। তাঁর বয়স হয়েছিল ৬৭ বছর। মৃত্যুকালে তিনি স্ত্রী, আত্মীয়স্বজনসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে তাঁর নামাজে জানাজা অনুষ্ঠিত হয়।

নবায়নযোগ্য শক্তি বিষয়ক দিনব্যাপী কর্মশালা



ঢাকা বিশ্ববিদ্যালয় শক্তি ইনস্টিটিউটের উদ্যোগে "Applied Research on Energy and Power" শীর্ষক দিনব্যাপী এক কর্মশালা গত ৭ নভেম্বর ২০১৭ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। এনার্জি এন্ড পাওয়ার রিসার্চ কাউন্সিল-এর সহযোগিতায় এই কর্মশালা আয়োজন করা হয়।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর জ্বালানী উপদেষ্টা ড. তৌফিক-ই-এলাহী চৌধুরী প্রধান অতিথি এবং বাংলাদেশ এনার্জি এন্ড পাওয়ার রিসার্চ কাউন্সিলের চেয়ারপার্সন মিসেস শাহীন আহমেদ চৌধুরী, স্রেডার সদস্য মিসেস সেলিমা জাহান, বেঙ্গল গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের ভাইস-চেয়ারম্যান জসীম উদ্দীন, সামিট গ্রুপ অব কোম্পানিজ-এর চেয়ারম্যান মো. আজিজ খান ও বিএসআরইএ-এর সভাপতি দিপল চন্দ্র বড়ুয়া বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। ঢাকা বিশ্ববিদ্যালয় শক্তি ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. সাইফুল হক স্বাগত বক্তব্য দেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান দেশের নবায়নযোগ্য শক্তির উন্নয়নে সমন্বিত উদ্যোগ গ্রহণের ওপর গুরুত্বারোপ করেন। 'ব্যবহারিক গবেষণা ছাড়া নবায়নযোগ্য শক্তি খাতের উন্নয়ন সম্ভব নয়' উল্লেখ করে তিনি বলেন, এই খাতকে টেকসই করতে বিভিন্ন শাখার গবেষকদের সমন্বিতভাবে এগিয়ে আসতে হবে।

উল্লেখ্য, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান এবং কোম্পানির শিক্ষাবিদ, গবেষক ও উর্ধ্বতন কর্মকর্তাগণ এই কর্মশালায় অংশগ্রহণ করেন।

ইন্টারন্যাশনাল বিজনেস বিভাগের ১০ বছর পূর্তি উদ্‌যাপিত

বর্ণাঢ্য উৎসবের মধ্য দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় ইন্টারন্যাশনাল বিজনেস বিভাগের ১০ম প্রতিষ্ঠাবার্ষিকী গত ৮ নভেম্বর ২০১৭ উদ্‌যাপিত হয়েছে। নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন প্রাঙ্গণে কেক কেটে এবং বেলুন ও পায়রা উড়িয়ে প্রধান অতিথি হিসেবে অনুষ্ঠানের উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। পরে এ উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। বিভাগের চেয়ারম্যান মো. রকিব উদ্দিন ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত এতে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইন্টারন্যাশনাল চেম্বার অব কমার্স বাংলাদেশের সভাপতি মাহবুবুর রহমান। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দিন ও বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম। বিভাগের সহযোগী অধ্যাপক ড. চৌধুরী সায়মা ফেরদৌসের স্বাগত বক্তব্যের পর বিভাগের প্রতিষ্ঠাতা অধ্যাপক ড. খন্দকার বজলুল হক তাঁর অনুভূতি প্রকাশ করেন। এসময় বিভাগের শিক্ষকবৃন্দ ও বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তৃতায় উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সকলকে অভিনন্দন জানিয়ে বলেন, ব্যবসা কখনও সফল হয় না যদি তার সাথে আন্তর্জাতিক যোগাযোগ এবং ব্যবস্থাপনা না থাকে। মাল্টি ডিসিপ্লিনারি এপ্রোচ দিয়ে বিভাগটি চলছে এবং দেশী-বিদেশী বিভিন্ন ব্যবসায় সম্প্রদায়ের সাথে বিভাগের প্রয়োজনীয় যোগাযোগ বিভাগের কার্যক্রমে প্রতিফলিত হচ্ছে, যা প্রশংসার দাবীদার। পরিশেষে ২০২১ সালে বিশ্ববিদ্যালয়ের শতবর্ষ পূর্তি ও স্বাধীনতার ৫০বছর পূর্তিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বিভিন্ন উদ্যোগ এবং পরিচ্ছন্নতার দিক থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়কে মডেল বিশ্ববিদ্যালয় হিসেবে প্রতিষ্ঠা করার জন্য উপাচার্য সকলের সহযোগিতা কামনা করেন।

আলোচনা ও উদ্বোধনী অনুষ্ঠান শেষে সিনেট ভবন প্রাঙ্গণ থেকে এক বর্ণাঢ্য র‌্যালী বের হয়ে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

ঢাবি ক্যাম্পাসে দুই মাসব্যাপী পরিচ্ছন্ন অভিযান কর্মসূচীর উদ্বোধন

বিডি ক্লিন স্বেচ্ছাসেবী সংগঠনের আয়োজনে 'ঢাকা ক্লিন' পরিচ্ছন্ন অভিযান কর্মসূচীর অংশ হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দুই মাসব্যাপী পরিচ্ছন্ন অভিযান কর্মসূচীর উদ্বোধন করা হয়েছে। গত ১০ নভেম্বর ২০১৭ বিশ্ববিদ্যালয়ের কলাভবনের বারান্দায় ঝাড়ু দিয়ে পরিচ্ছন্নতা অভিযানের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।

উদ্বোধনী বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, "পৃথিবীর বুকে ঢাকা বিশ্ববিদ্যালয়ই একমাত্র প্রতিষ্ঠান যেটি একটি জাতিকে প্রতিষ্ঠিত করেছে। তিন বছর পর ঢাকা বিশ্ববিদ্যালয় শতবর্ষ উদ্‌যাপন করবে। সে লক্ষ্যেই এই বিশ্ববিদ্যালয়কে পরিচ্ছন্ন, সবুজ ও সৌন্দর্যের মানদণ্ডে একটি মডেল শিক্ষাপ্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠা করার অংশ হিসেবে এই কর্মসূচি। তিনি এই কর্মসূচির জন্য 'বিডি ক্লিন'কে ধন্যবাদ জানানোর পাশাপাশি সচেতন হয়ে বিশ্ববিদ্যালয় এলাকা পরিচ্ছন্ন রাখতে শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

এসময় উপস্থিত ছিলেন ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ২৬ নং ওয়ার্ড কাউন্সিলর ও বর্জ্য অপসারণ বিভাগের প্রধান হাসিবুর রহমান মানিক, ঢাকা বিশ্ববিদ্যালয় স্টেট ম্যানেজার সুপ্রিয়া দাস প্রমুখ।

উল্লেখ্য, দেশব্যাপী পরিচ্ছন্নতা অভিযানের লক্ষ্যে প্রায় ৬ হাজার স্বেচ্ছাসেবী কর্মী নিয়ে 'বিডি ক্লিন' নামে এই সংগঠনটির যাত্রা শুরু হয় ২০১৬ সালের ৩ জুন।

উপাচার্যের সাথে বিদেশী অতিথিবৃন্দের সাক্ষাৎ

কুনমিং ইউনিভার্সিটি প্রতিনিধিদল

চীনের কুনমিং ইউনিভার্সিটির ভাইস-প্রেসিডেন্ট জ্যাং ঝুউ-এর নেতৃত্বে ৫-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ৩ নভেম্বর ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন- অধ্যাপক লিউ জুন ইয়ান, অধ্যাপক মু ন্যান মিং, অধ্যাপক চেন জিং এবং ড. ফ্যান চুয়ান ঝেং।

সাক্ষাৎকালে তারা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চীনের কুনমিং ইউনিভার্সিটির মধ্যে যৌথ শিক্ষা, গবেষণা ও প্রশিক্ষণ কর্মসূচী চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক, শিক্ষার্থী, গবেষক ও সাংস্কৃতিক দল বিনিময় নিয়েও মত বিনিময় করা হয়। শিগ্‌গিরই এ সংক্রান্ত একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যাপারেও তারা ঐকমত্যে পৌছেন।

এ সময় উপাচার্য বলেন, বাংলাদেশ এবং চীনের মধ্যে দীর্ঘদিন যাবৎ চমৎকার বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বিরাজ করছে। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংক্ষিপ্ত ইতিহাস এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রম সম্পর্কে চীনা প্রতিনিধি দলকে অবহিত করেন।

চীনা প্রতিনিধিদল

চীনের ওশেন ইউনিভার্সিটির পরিচালক মি. ওয়াং শুগুয়াং এবং অধ্যাপক ড. হাই শেন ওয়েন-এর নেতৃত্বে ৯-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ৭ নভেম্বর ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।

এ সময় অন্যান্যের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় সমুদ্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো: কাওসার আহমেদ এবং দি বাংলাদেশ টুডে পত্রিকার সম্পাদকমণ্ডলীর চেয়ারম্যান মো: জোবায়ের আলম উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চীনের ওশেন ইউনিভার্সিটির মধ্যে সমুদ্রবিজ্ঞান ও মৎস্য সংক্রান্ত যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম গ্রহণের সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। এ ব্যাপারে তাঁরা উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে একটি সমঝোতা চুক্তি স্বাক্ষরের ব্যাপারে ঐকমত্য পোষণ করেন। এছাড়া, উভয় বিশ্ববিদ্যালয় একে অপরকে শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে সহযোগিতা প্রদানের ব্যাপারেও সভায় আলোচনা করা হয়।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের সাথে যৌথ কর্মসূচী গ্রহণের আগ্রহ প্রকাশের জন্য অতিথিদের আন্তরিক ধন্যবাদ জানান।

চীনের কুনমিং ইউনিভার্সিটির ভাইস-প্রেসিডেন্ট জ্যাং ঝুউ-এর নেতৃত্বে ৫-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ৩ নভেম্বর ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন- অধ্যাপক লিউ জুন ইয়ান, অধ্যাপক মু ন্যান মিং, অধ্যাপক চেন জিং এবং ড. ফ্যান চুয়ান ঝেং।

চীনের ওশেন ইউনিভার্সিটির পরিচালক মি. ওয়াং শুগুয়াং এবং অধ্যাপক ড. হাই শেন ওয়েন-এর নেতৃত্বে ৯-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ৭ নভেম্বর ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। এসময় অন্যান্যের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় সমুদ্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো: কাওসার আহমেদ এবং দি বাংলাদেশ টুডে পত্রিকার সম্পাদকমণ্ডলীর চেয়ারম্যান মো: জোবায়ের আলম উপস্থিত ছিলেন।

জাপানের টোকিও ইউনিভার্সিটির ইনস্টিটিউট অব ইন্ডাস্ট্রিয়াল সায়েন্সেস-এর ইন্টারন্যাশনাল সেন্টার ফর আরবান সেই-ফটি ইঞ্জিনিয়ারিং (আইসিইউএস)-এর প্রযুক্তিবিদ মুনিইয়োশি নুমাদা গত ৩০ অক্টোবর ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় বিশ্ববিদ্যালয় আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল উপস্থিত ছিলেন।

আইবিএর 'গ্র্যাজুয়েশন উৎসব'

মানবিক মূল্যবোধই শিক্ষার্থীর বড় পাওয়া- উপাচার্য

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেছেন, 'উদারতা, অসাম্প্রদায়িকতা ও মানবিক মূল্যবোধের শিক্ষা হলো ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে পাওয়া একজন শিক্ষার্থীর সবচেয়ে বড় পাওয়া। আইবিএর শিক্ষার্থীরাও এ গুণগুলোর সঠিক চর্চা করে ভবিষ্যৎ জীবনে সাফল্য অর্জন করবে। এখানে এসে কী অর্জন করল, তার চেয়ে বড় বিষয় হলো মানবিক মূল্যবোধসম্পন্ন মানুষ হওয়া।'

গত ১০ নভেম্বর ২০১৭ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের (আইবিএ) বিবিএ ২১তম, এমবিএ ৫২তম ও ৫৩তম এবং ইএমবিএ ২১তম, ২২তম ও ২৩তম ব্যাচের 'গ্র্যাজুয়েশন উৎসব'-এ প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

উপাচার্য আরও বলেন, 'বিশ্বের সব নামকরা বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্কুলগুলোতে আন্তঃসংস্কৃতি সহযোগিতার ওপর ভিত্তি করে পাঠদান করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইবিএ এর ব্যতিক্রম নয়। তাছাড়া আইবিএ সমকালীন চিন্তা-চেতনা ও বিভিন্ন রাষ্ট্রের মধ্যে সমন্বয়ের মাধ্যমে পাঠদান করে।'

আইবিএর পরিচালক অধ্যাপক ড. এ কে এম সাইফুল মজিদের সভাপতিত্বে অনুষ্ঠানে সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ফাইন্যান্সিয়াল এক্সিলেন্স লিমিটেডের চেয়ারম্যান ও অগ্রণী ব্যাংকের সাবেক ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ আবু নাসের বখতিয়ার আহমেদ।

এবারের সমাবর্তনে আইবিএর মোট ৩৪০ জনকে বিবিএ, এমবিএ ও ইএমবিএ ডিগ্রি দেওয়া হয়। এছাড়া ভালো ফলাফলের জন্য ডিগ্রিপ্রাপ্তদের মধ্য থেকে পাঁচজনকে স্বর্ণপদক দেওয়া হয়। স্বর্ণপদকপ্রাপ্তরা হলেন- বিবিএর শতাব্দী বিশ্বাস, এমবিএর রিফাত জামান সৌরভ, মো. মাসুদুল হক, ফারজানা আফরিন ও মো. মাহমুদুল হাসান।

দিনব্যাপী দুইটি সেমিনার

ঢাকা বিশ্ববিদ্যালয় ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট অ্যান্ড ভালনারেবিলিটি স্টাডিজ এবং International Center for Collaborative Research on Disaster Risk Reduction (ICCR-DRR), China- এর যৌথ উদ্যোগে গত ৩১ অক্টোবর ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয়ের লেকচার থিয়েটার ভবনে দিনব্যাপী দু'টি সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

'Exploring Adaptive Risk Management in Food Security and its Challenges Towards Sustainable Development' ও 'Integration of Science, Technology and Indigenous Knowledge into Community-Based Disaster Risk Management in Bangladesh' শীর্ষক দুটি সেমিনারে গবেষণার উদ্দেশ্য ও মূল বক্তব্য উপস্থাপন এবং সভাপতিত্ব করেন ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট অ্যান্ড ভালনারেবিলিটি স্টাডিজের পরিচালক অধ্যাপক ড. মাহবুবা নাসরীন।

দুটি সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয় পপুলেশন সায়েন্সস বিভাগের সহযোগী অধ্যাপক ড. কামরুল ইসলাম, ইনস্টিটিউটের সহকারী অধ্যাপক মো. আবুল কালাম আজাদ প্রমুখ।

টিএসসি'র সাংস্কৃতিক কর্মকাণ্ড গতিশীল করার আহ্বান

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ছাত্র-শিক্ষক কেন্দ্রে চলমান নানান সাংস্কৃতিক কর্মকাণ্ড আরও গতিশীল করার জন্য টিএসসি কেন্দ্রীক বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দের প্রতি আহ্বান জানিয়েছেন। গত ৮ নভেম্বর ২০১৭ অধ্যাপক আবদুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে আয়োজিত এক মতবিনিময় সভায় তিনি এই আহ্বান জানান।

সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. এ কে এম গোলাম রব্বানী, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান এবং টিএসসি কেন্দ্রীক বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতবর্ষ পূর্তি ও মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীকে সামনে রেখে আমরা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসকে পরিস্কার-পরিচ্ছন্নতার মডেল হিসাবে গড়ে তুলতে চাই। এ কাজে সহযোগিতার জন্য তিনি ক্যাম্পাসে ক্রিয়াশীল সামাজিক-সাংস্কৃতিক সংগঠনের নেতাকর্মীদের প্রতি আহ্বান জানান। ক্যাম্পাসের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে বিভিন্ন প্রবেশ পথে নিরাপত্তা চৌকি বসানোর বিষয়টি বিবেচনাধীন রয়েছে বলেও তিনি জানান।

উচ্চতর সামাজিক বিজ্ঞান গবেষণা কেন্দ্রের উদ্যোগে সেমিনার

ঢাকা বিশ্ববিদ্যালয় উচ্চতর সামাজিক বিজ্ঞান গবেষণা কেন্দ্রের উদ্যোগে গত ৩০ অক্টোবর ২০১৭ বিশ্ববিদ্যালয় রমেশ চন্দ্র মজুমদার আর্টস অডিটোরিয়ামে "Agential Eruption, Structural Backlash and the Dalits of Bangladesh: A Sociological Revisit" শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়। কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. সাদেকা হালিমের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয় সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মনিরুল ইসলাম খান। আলোচনায় অংশগ্রহণ করেন ইন্ডিপেনডেন্ট বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক এস. আমিনুল ইসলাম এবং ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগের অধ্যাপক ড. মেসবাহ কামাল।

ঢাবি-এ বিদেশী শিক্ষার্থীদের জন্য হেল্প ডেস্ক খোলা হয়েছে

বিদেশী ছাত্র-ছাত্রীদের শিক্ষা সংক্রান্ত যাবতীয় পরামর্শের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের ২য় তলায় ২০৮(ক) ও ২১২ নং কক্ষে 'Help Desk for International Students' খোলা হয়েছে। বিদেশী শিক্ষার্থীদের আগমন ও প্রত্যাগমন, ভর্তি বিজ্ঞপ্তি, বৃত্তি সংক্রান্ত তথ্য ছাড়াও বিশ্ববিদ্যালয়ে ভর্তি ও গবেষণা সংক্রান্ত যাবতীয় পরামর্শ এই শাখা থেকে প্রদান করা হবে।

কারিকুলাম উন্নয়ন বিষয়ক দিনব্যাপী কর্মশালা

ঢাকা বিশ্ববিদ্যালয় ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেল (আইকিউএসি)-এর উদ্যোগে 'কারিকুলাম ডেভেলপমেন্ট' শীর্ষক দিনব্যাপী এক কর্মশালা গত ৬ নভেম্বর ২০১৭ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে এই কর্মশালা উদ্বোধন করেন।

আইকিউএসি'র পরিচালক অধ্যাপক ড. শেখ শামীমুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মাহবুব আহসান খান স্বাগত বক্তব্য দেন। ধন্যবাদ জ্ঞাপন করেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মো. রহমত উল্লাহ।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিক্ষার গুণগত মানোন্নয়ন তথা বিশ্ববিদ্যালয়ের সুনাম বৃদ্ধির লক্ষ্যে পেশাদারিত্ব, আত্ম মর্যাদা, সেলফ সেসরশিপ ও নৈতিক মূল্যবোধে উদ্বুদ্ধ হওয়ার জন্য শিক্ষকদের প্রতি আহ্বান জানান। দক্ষ ও বিশ্বমানের গ্র্যাজুয়েট তৈরীর লক্ষ্যে কারিকুলাম আধুনিকায়নের ওপর তিনি গুরুত্বারোপ করেন।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, বিভিন্ন ইনস্টিটিউটের পরিচালক ও সিনিয়র শিক্ষক এই কর্মশালায় অংশগ্রহণ করেন।

দু'দিনব্যাপী '৫ম নাগরিক সংলাপ'



"সমন্বিত এবং সহনশীল নগর" প্রতিপাদ্যকে সামনে রেখে ঢাকা বিশ্ববিদ্যালয় দুর্যোগ বিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ফায়ার সার্ভিস এবং সিভিল ডিফেন্স এবং গৃহায়ন ও ভবন নির্মাণ গবেষণা প্রতিষ্ঠান (এইচবিআরআই)-এর যৌথ উদ্যোগে দু'দিনব্যাপী '৫ম নাগরিক সংলাপ'-এর উদ্বোধনী অনুষ্ঠান গত ১ নভেম্বর ২০১৭ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। সম্মেলনের প্রথম অধিবেশনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সচিব মো. শাহ কামাল। স্বাগত বক্তব্য রাখেন হ্যাবিটেট বাংলাদেশের ন্যাশনাল ডিরেক্টর জন এ আর্মস্ট্রং এবং মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয় দুর্যোগ বিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল।

শহীদ সামাদ স্মৃতি টুর্ণামেন্টের পুরস্কার বিতরণ

পরিসংখ্যান বিভাগের ১৫ জন শিক্ষার্থীর বৃত্তি লাভ

ঢাকা বিশ্ববিদ্যালয় পরিসংখ্যান বিভাগের উদ্যোগে আয়োজিত 'শহীদ সামাদ স্মৃতি টুর্ণামেন্ট'-এর পুরস্কার বিতরণ এবং বিভাগের '১৯৭৫ স্কলারশিপ ফান্ড'-এর বৃত্তি প্রদান অনুষ্ঠান গত ৯ নভেম্বর ২০১৭ বিভাগীয় সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিভাগের বিভিন্ন শিক্ষাবর্ষের ১৫জন শিক্ষার্থীর মাঝে বৃত্তির চেক প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। এছাড়া, উপাচার্য 'শহীদ সামাদ স্মৃতি টুর্ণামেন্ট'-এর বিভিন্ন ইভেন্টে অংশগ্রহণকারী বিজয়ী শিক্ষক ও শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক এম এ জলিলের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে বিশেষ অতিথি ছিলেন বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আব্দুল আজিজ। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন লে. কর্ণেল (অব:) সাজ্জাদ জহির বীরপ্রতীক, অধ্যাপক নিতাই চক্রবর্তী এবং অধ্যাপক মো. লুৎফর রহমান।

প্রধান অতিথির ভাষণে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান পরিসংখ্যান বিভাগকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি ঐতিহ্যবাহী বিভাগ হিসেবে আখ্যায়িত করে বলেন, এই বিভাগের দু'জন প্রাক্তন শিক্ষার্থী জাতির শ্রেষ্ঠ সন্তান। ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধে তাঁরা পাকিস্তান হানাদার বাহিনীর বিরুদ্ধে বীরত্বের সাথে লড়াই করে শাহাদাত বরণ করেন। তাঁরা হলেন বীরশ্রেষ্ঠ জাহাঙ্গীর এবং বীরপ্রতীক সামাদ। পরিসংখ্যান বিভাগ তথা ঢাকা বিশ্ববিদ্যালয় তাঁদের জন্য সর্বদা গর্বিত। ঢাকা বিশ্ববিদ্যালয়ে জাতির এই শ্রেষ্ঠ সন্তানদের জন্য অনেক করণীয় রয়েছে। উপাচার্য আশা প্রকাশ করে বলেন, তাঁদের নামে ঢাকা বিশ্ববিদ্যালয়ে একটি স্থাপনা নির্মাণ করা হবে।

শিক্ষার্থীদের উদ্দেশ্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান আরও বলেন, তোমরা সততা, উদারতা, নৈতিকতা, মানবিক মূল্যবোধ, অসাম্প্রদায়িক ও মুক্তিযুদ্ধের চেতনা ধারণ করে নিজেদেরকে পূর্ণাঙ্গ মানুষ হিসেবে গড়ে তুলবে।

বিজনেস স্টাডিজ অনুষদের ৮৪ শিক্ষার্থীকে বৃত্তি প্রদান

ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত নয়টি বিভাগের ৮৪ জন শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হয়েছে। গত ৪ নভেম্বর ২০১৭ বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্টাডিজ অনুষদ মিলনায়তনে এক অনুষ্ঠানের মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠানের অনুদানের ভিত্তিতে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক ও সনদ তুলে দেওয়া হয়। এর মধ্যে কবি এস এম আবুল হোসেন স্মৃতি ট্রাস্টের উদ্যোগে ২৫ জন শিক্ষার্থীকেও বৃত্তি দেওয়া হয়েছে।

এ সময় উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর এস কে সু চৌধুরী, ব্র্যাক ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা সেলিম আরএফ হোসেন, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, তোমরা এরই মধ্যে তোমাদের মেধার স্বাক্ষর রেখেছ। প্রতিযোগিতামূলক পরীক্ষায় অসাধারণ ফলাফল করে বিজনেস স্টাডিজ অনুষদে ভর্তি হয়েছ। নিজেদের কখনো অসহায় ভাববে না, নৈতিকতার সঙ্গে জীবন পরিচালনা করবে। তিনি আরও বলেন, শুধু একাডেমিক পড়াশোনা নয়, পাশাপাশি মূল্যবোধ ও নৈতিকতা অর্জন করার চেষ্টা করবে।

এসিসিএ বাংলাদেশ এবং মাস্টার্স অব প্রফেশনাল একাউন্টিং প্রোগ্রামের সাথে চুক্তি স্বাক্ষর

একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের মাস্টার্স অব প্রফেশনাল একাউন্টিং প্রোগ্রাম এবং এসিসিএ বাংলাদেশ-এর যৌথ আয়োজনে এসিসিএ বাংলাদেশ এবং মাস্টার্স অব প্রফেশনাল একাউন্টিং প্রোগ্রামের মধ্যকার এক চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান গত ১১ নভেম্বর ২০১৭ বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদের প্রফেসর হাবিবুল্লাহ কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন। বিশেষ অতিথি ছিলেন এসিসিএ বাংলাদেশ'র প্রধান মো. আহ্সানুল হক বাশার। সম্মানিত অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম এবং এফসিসিএ'র ব্যবস্থাপনা পরিচালক সুমিত কমিউনিকেশন্স লিমিটেডের সিইও মো. আরিফ-আল ইসলাম। স্বাগত বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয় একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের এমপিএ প্রোগ্রামের পরিচালক অধ্যাপক মো. মাকছুদুর রহমান সরকার এবং ধন্যবাদ জ্ঞাপন করেন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মো. আব্দুল হাকিম।

মির্জা বানু এন্ড সিরাজুল ইসলাম এন্ডাউমেন্ট ফান্ড গঠন

ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগে "মির্জা বানু এন্ড সিরাজুল ইসলাম এন্ডাউমেন্ট ফান্ড" গঠন করা হয়েছে। এই ফান্ড গঠনের লক্ষ্যে ইতিহাস বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. সিরাজুল ইসলাম ৫০ লাখ টাকার একটি চেক গত ২ নভেম্বর ২০১৭ ইতিহাস বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আহমেদ আবদুল্লাহ জামালের কাছে হস্তান্তর করেন।

উপাচার্য দফতরে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন, দাতার মেয়ে অধ্যাপক ড. আশা ইসলামসহ বিভাগীয় শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

এই ট্রাস্ট ফান্ডের আয় থেকে প্রতিবছর ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগের কয়েকজন অসচ্ছল মেধাবী শিক্ষার্থীকে বৃত্তি এবং বিভাগের তরুণ শিক্ষকদের গবেষণা অনুদান প্রদান করা হবে। এছাড়া, 'মির্জা বানু স্মারক বক্তৃতা' অনুষ্ঠানের আয়োজন করা হবে।

উল্লেখ্য, প্রয়াত মির্জা বানু ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগের প্রাক্তন অধ্যাপক ড. সিরাজুল ইসলামের স্ত্রী।

নুরুল ইসলাম স্মারক বৃত্তি পেলেন ১৬ শিক্ষার্থী

পরীক্ষায় কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় বিভিন্ন বিভাগের ১৬ জন শিক্ষার্থী "মো: নুরুল ইসলাম স্মারক ট্রাস্ট ফান্ড বৃত্তি" লাভ করেছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ৯ নভেম্বর ২০১৭ উপাচার্য দফতর সংলগ্ন লাউঞ্জে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন। কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের সভাপতিত্বে বৃত্তি প্রদান অনুষ্ঠানে ট্রাস্টি বোর্ডের সদস্য কবি রুবী রহমান ও আইন অনুষদের ডিন অধ্যাপক ড. মো: রহমত উল্লাহ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান অনুষ্ঠান সঞ্চালন করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, প্রয়াত নুরুল ইসলাম ঢাকা বিশ্ববিদ্যালয় ৪র্থ শ্রেণি কর্মচারী ইউনিয়নের প্রতিষ্ঠাতা সভাপতি ছিলেন। তিনি আজীবন সাধারণ মানুষের ভাগ্যোন্নয়নে কাজ করে গেছেন। তাঁর আদর্শ অনুসরণ করে শিক্ষার্থীদের সুনাগরিক হিসাবে গড়ে ওঠতে হবে।

বৃত্তিপ্রাপ্তরা হলেন- জয়া রায়, মো. সেলিম রানা, তানজিলা হোসেন, গৌরব চন্দ্র রায়, অমিত সরকার, আসিফ আহমেদ, মো: ওসমান গণি, মো.ওবায়দুল হক, মামুনুর রশিদ জাহিদ, মো. সুমন প্রধান, মো. কামরুল ইসলাম, ফজলে রাব্বি, সুচিতা সরকার, মো: রামিনুল ইসলাম রিফাত, মির্জা আশিক ও ইসরাত জাহান।

'বিবেকানন্দ ইতিহাস ফান্ড' গঠন

ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগে "বিবেকানন্দ ইতিহাস ফান্ড" গঠন করা হয়েছে। এই ফান্ড গঠনের লক্ষ্যে রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশনের অধ্যক্ষ স্বামী ধ্রুবেশানন্দ ১০ লাখ টাকার একটি চেক গত ৮ নভেম্বর ২০১৭ ইতিহাস বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আহমেদ আবদুল্লাহ জামালের কাছে হস্তান্তর করেন।

উপাচার্য দফতরে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন, সাবেক ডিন অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ সহ বিভাগীয় শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

এই ট্রাস্ট ফান্ডের আয় থেকে প্রতিবছর ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগের বিএ সম্মান পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ প্রাপ্ত একজন শিক্ষার্থীকে স্বর্ণপদক প্রদান করা হবে। এছাড়া, কয়েকজন অসচ্ছল মেধাবী শিক্ষার্থীকে বৃত্তি দেওয়া হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয় ভাস্কর্য বিভাগের উদ্যোগে 'বার্ষিক শিল্পকর্ম প্রদর্শনী-২০১৭'-এর উদ্বোধনী অনুষ্ঠান গত ১ নভেম্বর ২০১৭ বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের জয়নুল গ্যালারীতে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রদর্শনীর উদ্বোধন করেন। এ সময় চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেন, ভাস্কর্য বিভাগের চেয়ারম্যান এ এ এম কাওসার হাসানসহ বিভাগের সিনিয়র শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। প্রদর্শনী চলে গত ৭ নভেম্বর ২০১৭ পর্যন্ত।

সম্পাদক: মাহমুদ আলম, উপ-পরিচালক (জনসংযোগ), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম ও মো: আবু বকর সিদ্দিক, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম ও মোঃ নজরুল ইসলাম, ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০২, ০১৭৫৮৪৯২৪১৫